

This question paper contains 3 printed pages]

Roll No.

--	--	--	--	--	--	--	--	--	--

S. No. of Question Paper : 180

Unique Paper Code : 208134

F

Name of the Paper : Functional Grammar & Language use

Name of the Course : B.A. (P) Bengali A

Semester : I

Duration : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

A. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

10 × 2 = 20

ক) বিভক্তি ও অনুসর্গ কাকে বলে? উদাহরণ সহ আলোচনা কর।

খ) কারক কাকে বলে? কর্তৃকারক ও সম্প্রদান কারক উদাহরণসহ আলোচনা কর।

গ) গঠন অনুযায়ী শব্দের শ্রেণীবিভাগ করে আলোচনা কর।

ঘ) পদ কাকে বলে? উদাহরণসহ সর্বনাম পদের ও অব্যয়পদের সংজ্ঞা দাও।

B. যে কোন দুটি উদাহরণসহ ব্যাখ্যা কর।

5 × 2 = 10

ক) রূঢ়িশব্দ খ) তদ্ভবশব্দ গ) ধ্বনি ঘ) দেশী শব্দ

C. নিম্নলিখিত বাগধারাগুলি দিয়ে অর্থপূর্ণ বাক্যরচনা কর (যে কোন দুটি) $2\frac{1}{2} \times 2\frac{1}{2} = 5$

ক) খয়ের খাঁ খ) আকাশ কুসুম গ) আকাশের চাঁদ ঘ) বর্ণচোরা ঙ) ধামাধরা

D. নিম্নলিখিত প্রবাদগুলির অর্থ লেখ (যে কোন দুটি)

$2\frac{1}{2} \times 2\frac{1}{2} = 5$

ক) অতি লোভে তাঁতী নষ্ট

খ) নাচতে না জানলে উঠোনের দোষ

গ) বামুন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর

ঘ) তেলা মাথায় তেল ঢালা।

ঙ) যে সয় সে রয়।

P.T.O.

E. নিম্নোদ্ধৃত অংশ অবলম্বনে প্রদত্ত প্রশ্নের উত্তর নিজের ভাষায় লিপিবদ্ধ করঃ 15

আজকাল মনোবিদ্যার উপর শিক্ষিত জনের প্রবল আগ্রহ জন্মিয়াছে। তাহার ফলে এই বিদ্যার বুলি সর্বত্র শোনা যাইতেছে। Psychological moment কথাটি বহুদিন হইতে সংবাদপত্র ও বক্তৃতার অপরিহার্য বকুনি হইয়া দাঁড়াইয়াছে। সম্প্রতি আর একটি শব্দ চলিতেছে - Complex। অমুক লোক ভীরা বা অন্যের অনুগত, অতএব তাহার inferiority complex আছে। অমুক লোক সাঁতার দিতে ভালোবাসে, অতএব তাহার Water complex আছে। বিজ্ঞানীর দুর্ভাগ্য - তিনি মাথা ঘামাইয়া যে পরিভাষা রচনা করেন সাধারণে তাহা কাড়িয়ে লইয়া অপপ্রয়োগ করে, এবং অবশেষে একটা বিকৃত কদর্য প্রতিষ্ঠা লাভ করিয়া বিজ্ঞানীকে স্বাধিকারচ্যুত করে।

বিজ্ঞানের লক্ষ্য - জটিলকে অপেক্ষাকৃত সরল করা, বহু বিসদৃশ ব্যাপারের মধ্যে যোগসূত্র বাহির করা। বিজ্ঞান নির্ধারন করে - অমুক ঘটনার সহিত অমুক ঘটনার অখণ্ডনীয় সম্বন্ধ আছে। অর্থাৎ ইহাতে এই হয়। কেন হয় তাহার চূড়ান্ত জবাব বিজ্ঞান দিতে পারে না। গাছ হইতে স্থলিত হইলে ফল মাটিতে পড়ে; কারণ বলা হয় পৃথিবীর আকর্ষণ। কেন আকর্ষণ করে বিজ্ঞান এখনও জানে না। জানিতে পারিলেও আবার নূতন সমস্যা উঠিবে। নিউটন আবিষ্কার করিয়াছেন, জড়পদার্থ মাত্রই পরস্পর আকর্ষণ করে। জড়ের ধর্মের নাম মহাকর্ষ বা gravitation। এই আকর্ষণের রীতি নির্দেশ করিয়া নিউটন যে সূত্র রচনা করিয়াছেন তাহা Law of gravitation, মহাকর্ষের নিয়ম। ইহাতে আকর্ষণের হেতুর উল্লেখ নাই। মানুষ মাত্রই মরে ইহা অবধারিত সত্য বা প্রাকৃতিক নিয়ম। মানুষের এই ধর্মের নাম মরত্ব। কিন্তু মৃত্যুর কারণ মরত্ব নয়। বিজ্ঞানশাস্ত্র বারংবার সতর্ক করিয়াছে - মানুষ যে সকল প্রাকৃতিক নিয়ম আবিষ্কার করিয়াছে তাহা ঘটনার লক্ষিত রীতি মাত্র, ঘটনার কারণ নয়, Law are not causes। যাহাকে আমরা কারণ বলি তাহা ব্যাপার পরস্পরা বা ঘটনার সম্বন্ধ মাত্র, তাহার শেষ নাই ইয়ত্তা নাই। যাহা চরম ও নিরপেক্ষ কারণ তাহা বিজ্ঞানীর অনধিগম্য। দার্শনিক স্মরণাতীত কাল হইতে তাহার সন্ধান করিতেছেন।

- অ) আজকাল মনোবিদ্যার উপর আগ্রহ জন্মাবার কারন কি? 3
- আ) বিজ্ঞানীর রচিত পরিভাষার কিভাবে অপপ্রয়োগ হয়? 2
- ই) বিজ্ঞানের লক্ষ্য কী? 4
- ঈ) মানুষের ধর্ম কী? 3
- ঙ) বিজ্ঞানী ও দার্শনিকের সম্পর্ক নির্ণয় করো। 3

F. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। 10

ক) 'পণপ্রথা'র বিষয়ময় পরিণাম সম্বন্ধে তোমার মতামত জানিয়ে দৈনিক পত্রিকার সম্পাদককে একটি চিঠি লেখো।

অথবা

খ) পানীয়জল সরবারহ ঠিকমত না হওয়ায়, এর প্রতিদান প্রার্থনা করে তোমার স্থানীয় পৌরপতিকে একটি চিঠি লেখো।

G. যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো। 10

- ক) ছাত্রজীবনে খেলাধুলার স্থান।
- খ) বর্ষাকাল
- গ) একটি গাছ একটি প্রাণ।
- ঘ) পালস পোলিও টিকাকরণ অভিযান।